যুগান্তর

তারিখ ... 05 NOV 2015 ...
পৃষ্ঠা ... ১৯ ... কলাম ... ৬ ...

# পাঠদান বন্ধ রেখে স্কুল মাঠে চিফ হুইপের কর্মী সমাবেশ

ঝাউফল প্রতিনিধি

পাঠদান বন্ধ রেখে বিদ্যালয়ের মাঠে কর্মী সমাবেশ করেছেন জাতীয় সংসদের চিফ হুইপ ও সংসদ সদস্য আ স ম ফিরোজ। কেশবপুর ইউনিয়ন আওয়ামী লীগের কর্মী সমাবেশ আহ্বান করা হয় বাজেমহল মাধ্যমিক বিদ্যালয় মাঠে। বেলা ১১টায় শুরু হয়ে চলে বিকাল ৫টা পর্যন্ত। উপজেলা আওয়ামী লীগের সভাপতি আ স ম ফিরোজ কর্মী সমাবেশে প্রধান অতিথি ছিলেন। সমাবেশ থাকায় ৬ষ্ঠ থেকে ১০ শ্রেণীর প্রায় ৫ শতাধিক শিক্ষার্থী বিদ্যালয়ে ক্লাস করা থেকে বঞ্চিত হয়। নাম প্রকাশ না করার শর্তে স্থানীয় এক সূত্র জানায়, আওয়ামী লীগ নেতাদের নির্দেশনার কারণে সমাবেশ শেষ না হওয়া পর্যন্ত অনুষ্ঠানস্থল ত্যাগ করতে পারেনি শিক্ষক ও শিক্ষার্থীরা। তাদের সেখানে থাকতে বাধ্য করা হয়। বিদ্যালয়ের প্রধান শিক্ষক পারভিন বেগম বলেন, 'বিদ্যালয় মাঠে আওয়ামী লীগের সভা হয়েছে। এ কারণে দুপুর ২টার পর শিক্ষার্থীদের পাঠদান করা হয়েছে।' অনুষ্ঠানের সভাপতি সালেহউদ্দিন পিকু বলেন, 'জেএসসি পরীক্ষা থাকায় ওই বিদ্যালয়ে এমনিতেই বিকালে ক্লাস নেয়া হয়।'